Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 29 April, 2025

বাংলাদেশ থেকে এ বছরের প্রথম হজ ফ্লাইট সৌদি আরবে পৌঁছেছে।মঙ্গলবার (২৯ এপ্রিল) সকাল সাড়ে ৭টার দিকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইট বিজি-৩৫০১ জেদ্দার কিং আবদুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরের হজ টার্মিনালে অবতরণ করে। ফ্লাইটটিতে ৪১৪ জন হজযাত্রী ছিলেন।

বিমানবন্দরে হজযাত্রীদের স্বাগত জানান সৌদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. দেলওয়ার হোসেন। তার সঙ্গে ছিলেন জেদ্দাস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মিয়া মো. মাইনুল কবির, বাংলাদেশ হজ মিশনের কাউন্সিলর মো. জহিরুল ইসলামসহ দূতাবাস ও হজ মিশনের অন্যান্য কর্মকর্তারা।

এ ছাড়া সৌদি সিভিল এভিয়েশনের উপদেষ্টা ইঞ্জিনিয়ার মাজেন জাওয়াহার, হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের পরিচালক সালমান আল বেলাবীসহ সৌদি আরবের বিভিন্ন দপ্তরের কর্মকর্তারাও হজযাত্রীদের স্বাগত জানান।

রাষ্ট্রদূত দেলওয়ার হোসেন হজযাত্রীদের শুভকামনা জানিয়ে বলেন, হজযাত্রীরা যেন নির্বিঘ্নে হজ পালন করতে পারেন, সে জন্য বাংলাদেশ দূতাবাস, কনস্যুলেট ও হজ মিশন সার্বক্ষণিক পাশে থাকবে।

সৌদি আরবে পৌঁছে হজযাত্রীরা বিমানবন্দরের সুশৃঙ্খল ব্যবস্থাপনা ও উষ্ণ অভ্যর্থনায় সন্তোষ প্রকাশ করেন।এ বছর বাংলাদেশ থেকে মোট ৮৭ হাজার ১০০ জন হজ পালনের জন্য সৌদি

আরবে যাবেন।

হজ ফ্লাইট সৌদি আরব বাংলাদেশ এয়ারলাইন্স

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:16

URL: https://www.timestodaybd.com/public/national/1603775807